

“মুজিববর্ষের অঙ্গীকার  
সুরক্ষিত হবে মানবাধিকার”



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)



স্মারকঃ ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-৩০৩

তারিখঃ ১৮.০৬.২০২০

বিষয়: নোয়াখালী জেলার সোনাইমুড়ী থানার করোনা আক্রান্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব আবদুস সামাদ কর্তৃক অভিযান পরিচালনা সংক্রান্ত।

১৮ জুন, ২০২০ তারিখ অনলাইন পত্রিকা বাংলা ট্রিবিউন-এ প্রকাশিত ‘করোনা আক্রান্ত ওসি দলবলসহ অভিযানে’ শীর্ষক সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়। সংবাদে উল্লেখ করা হয় যে, নোয়াখালী জেলার সোনাইমুড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জনাব আবদুস সামাদ করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার পরও সরকারি নির্দেশ অমান্য করে একটি হত্যা মামলার প্রধান আসামিকে সঙ্গে নিয়ে হত্যাকাণ্ডে ব্যবহৃত ছুরি উদ্ধারে গত ১৭ জুন, ২০২০ তারিখ পুলিশ ফোর্সসহ শহরের আলোকপাড়া এলাকায় অভিযানে যান।

০২। করোনা পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ পুলিশের ভূমিকা প্রশংসনীয়। তবে, একজন সরকারি কর্মকর্তা হিসেবে করোনা মহামারীর সময় এ ধরনের ভূমিকা জনমনে উদ্বেগের সৃষ্টি করে। কমিশনের পক্ষ থেকে মুঠোফোনে তাঁর (পুলিশ সুপার, নোয়াখালী) সঙ্গে আলাপচারিতায় জানা গেছে ইতোমধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং উক্ত কর্মকর্তাকে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। এ বিষয়ে দ্রুততার সাথে ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জ্ঞাপন করা হচ্ছে।

০৩। বিষয়টি জনসাধারণের স্বাস্থ্য ঝুঁকি সংক্রান্ত যা খুবই উদ্বেগজনক। এ অবস্থায়, ওসি জনাব আবদুস সামাদের সংস্পর্শে যারা এসেছেন, তাদের জরুরি ভিত্তিতে স্বাস্থ্য সেবা প্রদানসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থা কমিশনকে দ্রুততার সাথে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

পুলিশ সুপার  
নোয়াখালী



কাজী আরফান আশিক  
পরিচালক (প্রশাসন)  
জাতীয় মানবাধিকার কমিশন

অনুলিপি (জ্ঞাতার্থে):

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।